অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের স্থানীয়ভাবে স্মল বিজনেস স্যাটারডেতে কেনাকাটা করতে উৎসাহিত করেন

পুরো নিউ ইয়র্ক স্টেটে 25 নভেম্বর স্মল বিজনেস স্যাটারডে পালিত হবে

স্থানীয় ব্যবসা সমূহকে সমর্থন করা হলে চাকরি তৈরি হয় এবং আঞ্চলিক অর্থনৈতিক বিকাশের প্রসার হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ছুটির মৌসুমে, বিশেষ করে 25 নভেম্বর, শনিবার, "স্মল বিজনেস স্যাটারডে" উপলক্ষে স্থানীয় ও আঞ্চলিক ক্ষুদ্র ব্যবসা সমূহকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করলেন, দিনটিতে স্টেটের ক্ষুদ্র ব্যবসার মালিকদের নিবেদন ও চেতনাকে উদযাপন করা হয়। নিউ ইয়র্ক স্টেটের সকল ব্যবসার মধ্যে 98 শতাংশ ক্ষুদ্র ব্যবসা, এবং এগুলি বেসরকারি খাতের কর্মীবাহিনীর 40 শতাংশকে সমর্থন করে। স্থানীয়ভাবে কেনাকাটা করলে, নিউ ইয়র্কবাসীরা নিজেদের সম্প্রদায়েই মুনাফা ও করে মার্কিন ডলার পুনরায় বিনিয়োগ করছে, কর্মসংস্থানকে সমর্থন করছে, এবং আঞ্চলিক অর্থনৈতিক প্রবৃদ্ধির আরো প্রসার করছে।

"একজন ক্ষুদ্র ব্যবসার মালিকের মেয়ে হিসেবে, আমি জানি একটি ব্যবসা শুরু করতে ও বড় করতে কঠোর পরিশ্রম ও অধ্যবসায় প্রয়োজন," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসনের শুরু থেকেই আমরা নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাসমূহে ঐতিহাসিক সব বিনিয়োগ করেছি, যা চাকরি প্রদান করেছে, স্থানীয় অর্থনীতিসমূহকে বলীয়ান করেছে, এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহে ব্যাপক প্রভাব ফেলেছে। এই স্মল বিজনেস স্যাটারডেতে এবং প্রতিদিন, স্থানীয়ভাবে কেনাকাটা করার জন্য আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "ক্ষুদ্র ব্যবসাসমূহ আমাদের স্থানীয় অর্থনীতির জন্য অত্যাবশ্যকীয়; আমাদের প্রতিবেশী ও বন্ধুরা এগুলির মালিক এবং তারা আমাদের সম্প্রদায়ে পুনরায় বিনিয়োগ করে। স্মল বিজনেস স্যাটারডে আসন্ন, তাই এই সপ্তাহান্তে এবং ছুটির পুরো মৌসুমে আপনার স্থানীয় মালিকানাধীন ব্যবসাসমূহকে সমর্থন করার কথা ভুলবেন না।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "ক্ষুদ্র ব্যবসাসমূহ হলো আমাদের বৈচিত্র্যময় ও বলীয়ান অর্থনীতির হৃৎস্পন্দন। এই ছুটির মৌসুমে এবং পুরো 2024 সালে, ক্ষুদ্র

ব্যবসা থেকে কেনাকাটা করুন এবং ঘনঘন কেনাকাটা করুন যাতে আপনার প্রতিবেশী ও স্টেটব্যাপী স্থানীয় অর্থনীতিসমূহকে সমর্থন করতে পারেন।"

কর ও অর্থ বিভাগের (Department of Taxation and Finance) ভারপ্রাপ্ত কমিশনার আমান্ডা হিলার বলেন, "নিউ ইয়র্ক এর ক্ষুদ্র ব্যবসা খাতের উপর নির্ভর করে, একে সমর্থন ও উদযাপন করে। ক্ষুদ্র ব্যবসা শুরু ও সম্প্রসারিত করার জন্য আমরা ব্যাপক ব্যাপ্তির কর ক্রেডিট ও প্রণোদনা প্রদান করি, এবং শুধু এই সপ্তাহান্তে নয়, বড় সারা বছরজুড়ে ক্ষুদ্র ব্যবসার মালিকদের অবদানের কারণে আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "স্মল বিজনেস স্যাটারডে হলো আমাদের এলাকার ব্যবসাসমূহকে কিছু প্রদান করার দারুণ একটি সুযোগ যারা ছুটির মৌসুমের পাশাপাশি সারা বছর জুড়েও তাদের সম্প্রদায়ের বিশেষ পণ্য তুলে ধরার জন্য কঠোর পরিশ্রম করেন। আমাদের খামার ও ক্ষুদ্র খাদ্য ও পানীয় ব্যবসাসমূহকে সমর্থন করার জন্য বিভাগে আমরা কঠোর পরিশ্রম করি, যার মধ্যে রয়েছে আমাদের নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচি (NYS Grown & Certified) এবং টেস্ট NY (Taste NY) কর্মসূচি, যা নতুন গ্রাহকদের কাছে এগুলি উপস্থাপন করতে ও তাদের গল্প বলতে আমাদেরকে সাহায্য করে। গুণসম্পন্ন অনেক নিউ ইয়র্কবাসী উপহার সামগ্রী থেকে শুরু করে খাদ্য ও পানীয় পর্যন্ত মানসম্পন্ন, অনন্য পণ্য তৈরি করছে, এবং এই ছুটির মৌসুমে কেনাকাটা করার সময় স্থানীয়ভাবে তা করার বিবেচনা করার জন্য আমি সবাইকে উৎসাহিত করছি। নিউ ইয়র্কের কৃষিকে সমর্থন করার জন্য আপনার নিকটস্থ টেস্ট NY দোকানে যান, ShopTasteNY.gov থেকে অনলাইনে কেনাকাটা করুন, বা আপনার প্রিয় স্থানীয় খামার, খাবারের দোকান, বা ক্র্যাফট পানীয়ের উৎপাদনকারীর দোকানে যান।"

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক, স্টেটের ক্ষুদ্র ব্যবসাসমূহকে একাধিক উদ্যোগ ও এজেন্সি কর্মসূচির মাধ্যমে বিকাশ, সমৃদ্ধ এবং সাফল্যের সুযোগ সর্বোচ্চ করতে উৎসাহিত করে যাচ্ছে। দায়িত্ব গ্রহণের পর থেকে গভর্নর কেবল ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য নজিরবিহীন 26টি কর্মসূচি প্রতিষ্ঠা ও উন্নত করেছেন, এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে ক্ষুদ্র ব্যবসার সমর্থনে প্রায় 1 বিলিয়ন মারিন ডলার প্রদানের প্রতিশ্রুতি গ্রহণ করেছেন।

নিউ ইয়র্ক হলো দেশের শীর্ষ উদ্যোক্তাবান্ধব স্টেটগুলির একটি এবং এটি পুরো স্টেটে উদ্যোক্তা সহায়তা কেন্দ্রের (Entrepreneurship Assistance Centers, EAC) একটি নেটওয়ার্ককে সমর্থন করে। এই কেন্দ্রগুলি নিজের ব্যবসা শুরু করতে আগ্রহী বা সম্প্রতি শুরু করা নিউ ইয়র্কবাসীকে, বা প্রাথমিক পর্যায়ে থাকা ব্যবসা সম্প্রসারণ বা বলীয়ান করতে ইচ্ছুক উদ্যোক্তাদেরকে নির্দেশনা, প্রশিক্ষণ, কারিগরি সহায়তা এবং সমর্থন সেবা প্রদান করে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট (State Small Business Credit Initiative, SSBCI) উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল তহবিলের তত্ত্বাবধান করে, যা ক্ষুদ্র ও গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যবসাসমূহকে সফল হতে সাহায্য করার জন্য গঠিত হয়েছে। প্রবৃদ্ধিকে উৎসাহিত করে এমন কর্মসূচি ও উদ্যোগের একটি পোর্টফোলিওর মাধ্যমে 100 এর কম কর্মীসহ ব্যবসাসমূহকে ESD এর ক্ষুদ্র ব্যবসা বিভাগ (Division of Small Business) সমর্থন করে। ক্ষুদ্র ব্যবসার মালিকদেরকে উপলভ্য কর্মসূচিসমূহ

সম্পর্কে জানাতে সাহায্য করার জন্য বিভাগের ওয়েবসাইটে সংস্থান প্রদান করা আছে, যার মধ্যে আছে বিভিন্ন ব্যবসায়িক আবশ্যিকতার রূপরেখা প্রদান করা স্টেটের বিজনেস এক্সপ্রেস ওয়েবসাইট।

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) সকল আকারের ব্যবসার জন্য একাধিক বিনামূল্যের সেবা প্রদান করে, যার মধ্যে রয়েছে NYSDOL এর ওয়েবসাইটে কয়েক হাজার চাকরির পোস্ট করা, এর মেধাবৃত্তির আধারে হাজার হাজার যোগ্য প্রার্থীর খোঁজ পাওয়ার সুযোগ, ক্যারিয়ার মেলা এবং কাস্টোমাইজ করা নিয়োগ সমর্থন, এবং মানব সংস্থান সম্পর্কিত কনসাল্টেশন সেবা। চাকরির তালিকা প্রদান করতে, সঠিক প্রার্থী খুঁজতে, নিয়োগ ও প্রশিক্ষণ প্রণোদনা পেতে, ব্যবসা কর ক্রেডিট ও প্রণোদনা পেতে, এক-এক শ্রম আইন ও নিরাপত্তা ও স্বাস্থ্য সম্মতি সেবার জন্য সাহায্য পেতে, এবং ছাটাই বিমুখতার সংস্থান পেতে প্রতি বছর 24,000 এর বেশি ব্যবসা NYSDOL এর সাথে কাজ করে। আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://www.labor.ny.gov/business।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets) নিউ ইয়র্কের কৃষি শিল্পখাতকে সমর্থন করে, যার মধ্যে প্রায় 33,500 খামার, 700 ফার্মার্স মার্কেট এবং ফার্ম স্ট্যান্ড, এবং কয়েক হাজার ক্ষুদ্র কৃষিব্যবসা রয়েছে। বিভাগটি ব্যবসা উন্নয়নের জন্য এবং উৎপাদনশীলতা, মুনাফা, ও প্রতিযোগিতা বৃদ্ধি করে এমন একাধিক অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করার মাধ্যমে খামার ও খাদ্য ও পানীয়ের ব্যবসাকে সমর্থন করে।এছাড়াও এটি নিউ ইয়র্ক স্টেট উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচির মাধ্যমে প্রতীক প্রচারণামূলক সুযোগ প্রদান করে, কর্মসূচিটি নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা এবং পরিবেশগতভাবে টেকসই কর্মসূচিতে অংশগ্রহণ করা স্থানীয় কৃষক ও উৎপাদনকারীর প্রচার করে, তাদেরকে বাজারে আরো ভালোভাবে প্রতিযোগিতা করতে সাহায্য করে।

পাশাপাশি, টেস্ট NY কর্মসূচিটি বড় পর্যায়ে পাবলিক ইভেন্টসমূহে এবং পুরো স্টেটের 70টির বেশি টেস্ট NY অবস্থানে নিউ ইয়র্কের খামারি এবং খাদ্য ও পানীয়ের ব্যবসাসমূহকে তুলে ধরে, যার মধ্যে স্টেটের স্বাগত কেন্দ্রসমূহ রয়েছে যেখানে নিউ ইয়র্কবাসীরা তাদের ছুটির কেনাকাটার তালিকার সকলের জন্য উপহার খুঁজে পাবে।নিউ ইয়র্কের আঞ্চলিক স্বাগত কেন্দ্রসমূহের (Welcome Centers) টেক্সট NY বাজার ও পুরো স্টেটের টেস্ট NY দোকানগুলিতে বিশেষ সামগ্রী এবং সেই সাথে প্রিমেড এবং কাস্টোমাইজ করা উপহারের ঝুড়ি, স্থানীয় খাদ্য, হাতে তৈরি পণ্য, এবং অন্যান্য অনন্য পণ্য পাওয়া যায়। এছাড়াও টেস্ট NY বাজার হলো শারকুটারি মাংস ও পনির থেকে শুরু করে ওয়াইন ও সাইডার পর্যন্ত ব্যাপক ব্যাপ্তির খাদ্য ও পানীয় ক্রয়ের দারুণ একটি স্থান, যা ব্যবহার করে তাজা, সুস্বাদু ছুটির মৌসুমের আহার প্রস্তুত করা যাবে। টেস্ট NY অবস্থানসমূহ, খোলা থকাৰ সময়সূচি এবং যোগাযোগের তথ্যের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য, টেস্ট NY এর ওয়েবসাইট ভিজিট করুন।

অনলাইন মার্কেটপ্লেস, শপটেস্টNY, বাসার স্বাচ্ছন্দ্যে থেকে নিউ ইয়র্কের কৃষি পণ্য ও উপহার কেনাকাটা করার সুযোগ প্রদান করে। ShopTasteNY.com এ ক্রয়ের জন্য ছুটির মৌসুমের উপহারের সেট উপলভ্য আছে, সেই সাথে আছে স্টেটের গুণমান ও বৈচিত্র্য তুলে ধরা নিয়মিত পণ্যের ভাণ্ডার। মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার যেকোনো স্থান থেকে অর্ডার করা যাবে। 24 ডিসেম্বরের মধ্যে উপহারের অর্ডার পৌঁছানো নিশ্চিত করতে, 18 ডিসেম্বর, সোমবারের মধ্যে

অর্ডার দিয়ে ফেলার পরামর্শ দেওয়া হচ্ছে। এই বছর টেস্ট NY এর অনলাইন মার্কেটপ্লেস, ShopTasteNY.com একাধিক ছুটির সপ্তাহান্তের ডিল প্রদান করবে, যার মধ্যে রয়েছে স্টেটব্যাপী ব্ল্যাক ফ্রাইডে উপলক্ষে 50 শতাংশ ছাড়, বিনামূল্যে শিপিং এবং স্মল বিজনেস স্যাটারডে এবং রবিবার একটি বিনামূল্যের উপহার, এবং সাইবার মানডের দিন গিফট বক্সে 30 শতাংশ ছাড় ও বিনামূল্যের শিপিং।

কীভাবে প্রতিদিন ক্ষুদ্র ব্যবসাসমূহকে সমর্থন করা যায়

- **স্থানীয়ভাবে কেনাকাটা করুন** - আপনার সম্প্রদায়ের ক্ষুদ্র, স্থানীয় দোকান থেকে কেনাকাটা করার চেষ্টা করুন। ক্ষুদ্র ব্যবসা থেকে কেনাকাটা করার মাধ্যমে, আপনি আপনার স্থানীয় অর্থনীতিকে উদ্দীপিত করছেন কারণ ক্ষুদ্র ব্যবসার মালিকেরা সাধারণত আশেপাশের স্থান থেকেই সরবরাহ ও পণ্য ক্রয় করে থাকে।
- **গিফট কার্ড ক্রয় করুন** - আপনার প্রিয় রেস্‌টুরেন্ট, বার বা কফি শপ থেকে শুরু করে আপনার এলাকার বিশেষ পণ্যের খুচরা বিক্রেতা, বা আপনার স্থানীয় হেয়ার সেলুন পর্যন্ত অধিকাংশ ক্ষুদ্র ব্যবসা গিফট কার্ড বা গিফট সার্টিফিকেট বিক্রি করে। গিফট কার্ড ক্রয় করার মাধ্যমে, আপনি ছুটির মৌসুমের অনেক পরেও এই ব্যবসাসমূহে অতি প্রয়োজনীয় বিনিয়োগ প্রদান করতে পারবেন।
- **আপনার স্থানীয় ফার্মার্স মার্কেটে যান** - বছরের এই সময় বহু আউটডোর ফার্মার্স মার্কেট ইনডোরে চলে যায়, কিন্তু সেখানে বহু অদ্বিতীয়, অনন্য পণ্য থাকে। হাতে তৈরি শিল্প পণ্য থেকে শুরু করে মৌসুমী সবুজ পণ্য পর্যন্ত, আপনার স্থানীয় ফার্মার্স মার্কেট হলো স্থানীয় ক্ষুদ্র ব্যবসা সমর্থন করার দারুণ একটি স্থান।
- **আপনার স্থানীয় বার বা রেস্‌টুরেন্টে যান বা টেক আউট ডেলিভারি অর্ডার করুন** - ভালো টিপ দিতে ভুলবেন না। রেস্‌টুরেন্ট কর্মীরা মহামারী দ্বারা সবথেকে ক্ষতিগ্রস্ত গোষ্ঠীর একটি। বহু রেস্‌টুরেন্ট এখনো কার্বসাইড ডেলিভারি প্রদান করছে।
- **ইতিবাচক রিভিউ দিন** - আপনি যদি একটি দুর্দান্ত পণ্য, খাবার, বা পরিষেবা বা এমনকি একটি দুর্দান্ত প্রচার বা বিক্রয় খুঁজে পান তাহলে আপনার বন্ধুদের এবং পরিবারকে জানান। আপনার সোশ্যাল মিডিয়ার ফিডে একটি দুর্দান্ত রিভিউ দিতে ভুলবেন না। সেরা প্রচারণা হলো মানুষের মুখের কথা।
- **যদি আপনাকে কিছু ফেরত দিতে হয় তাহলে তাহলে ফেরতের বদলে একটি স্টোর ক্রেডিট নিন** - যদি আপনি তা পারেন। এটি ছোট ব্যবসার ভিতরে অর্থ রাখতে দেয় এবং সামান্য প্রতিটি জিনিস সাহায্য করে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418